SHAKTI
নারীর ক্ষমতায়নে শক্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি(এম আর এ)
সনদ নং
০০১৭৬-০০০৫৯-০০০১৮

# শক্তি বার্তা



## জাতীয় বাজেট ২০২৫-২৬: মাইক্রোফাইন্যান্স খাতের নীতিগত অগ্রাধিকারের শীর্ষক পরামর্শমূলক অনুষ্ঠান




ইনাফি বাংলাদেশ ও ব্র্যাকের উদ্যোগে ১৯ মে, ব্র্যাক সেন্টার ঢাকায় অনুষ্ঠিত হয় “Microfinance Sector Consultation on National Budget 2025–26” শীর্ষক পরামর্শমূলক অনুষ্ঠান।প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. মোহাম্মদ হেলাল উদ্দিন, নির্বাহী ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ)। বিশেষ অতিথি ছিলেন হুমায়রা ইসলাম, পিএইচডি, প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক শক্তি ফাউন্ডেশন। আসিফ সালেহ, নির্বাহী পরিচালক, ব্র্যাক এবং মো. আরিফুল হক চৌধুরী, প্রেসিডেন্ট, আশা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোহাম্মদ মুসলিম চৌধুরী, চেয়ারপারসন, ইনাফি বাংলাদেশ। স্বাগত বক্তব্য দেন মাহবুবা হক, নির্বাহী পরিচালক, ইনাফি বাংলাদেশ। শক্তি ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক হুমায়রা ইসলাম, পিএইচডি বলেন, “১৯৯২ সালে শহরে গ্রামীণ ব্যাংক মডেল অনুসরণ করে শক্তি ফাউন্ডেশন মাইক্রোক্রেডিট কার্যক্রম শুরু করে। লক্ষ্য ছিল দরিদ্র নারীদের জীবনমান উন্নয়ন। সময়ের সাথে সেই দর্শন থেকে সরে এলেও এখন সময় এসেছে আবার সেই মূল দর্শনে ফিরে যাওয়ার।” তিনি দরিদ্র নারীদের জন্য কার্যকর সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা এবং গড় আয়ু বৃদ্ধির প্রেক্ষিতে সম্মানজনক বৃদ্ধাশ্রম নির্মাণে বাজেটে বরাদ্দ রাখার আহ্বান জানান।

## শক্তি ফাউন্ডেশন ও ডিএসআইকে'র মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর




১৩ মে ২০২৫ তারিখ শক্তি ফাউন্ডেশন এবং জার্মানভিত্তিক সংস্থা ডয়েচে স্পারকাসেনস্টিফটং ফর ইন্টারন্যাশনালে কর্পোরেশন (Deutsche Sparkassenstiftung for International Cooperation - DSIK) এর মধ্যে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। ঢাকায় অবস্থিত শক্তি ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত এই স্বাক্ষর অনুষ্ঠানে উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এই অংশীদারিত্বের মাধ্যমে শক্তি ফাউন্ডেশনের প্রায় পাঁচ লক্ষ নারী সদস্য উন্নত আর্থিক সেবার সুযোগ পাবেন, যার মধ্যে থাকবে দীর্ঘমেয়াদে আর্থিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে উদ্ভাবনী সঞ্চয় পণ্য; অনুষ্ঠানে শক্তি ফাউন্ডেশনের উপ-নির্বাহী পরিচালক ইমরান আহমেদ বলেন “১৯৯২ সালে শক্তি ফাউন্ডেশন গ্রামীণ ব্যাংক মডেলের ওপর ভিত্তি করে মাইক্রোক্রেডিট প্রোগ্রাম শুরু করে এবং এটি নগর এলাকায় সফলভাবে বাস্তবায়নের পথিকৃৎ হিসেবে কাজ করেছে। গত ৩৩ বছর ধরে শক্তি দেশের ৫৭টি জেলায় পিছিয়ে পড়া নারীদের জীবনমান উন্নয়নে কাজ করছে। আমরা বিশ্বাস করি, সঞ্চয় হলো পিছিয়ে পড়া নারীদের জন্য সবচেয়ে শক্তিশালী সুরক্ষা বলয়, যা স্বাস্থ্যঝুঁকি, প্রাকৃতিক দুর্যোগ ও আকস্মিক চ্যালেঞ্জ মোকাবিলায় সহায়ক। ডিএসআইকে'র সাথে এই অংশীদারত্বের মাধ্যমে আমাদের নারী সদস্যরা উদ্ভাবনী সঞ্চয় পণ্যের মাধ্যমে সম্প্রসারিত আর্থিক সুযোগ লাভ করবেন, যা তাদের সক্ষমতা ও জীবনমান উন্নয়নে সহায়ক হবে। আমরা নারীদের মধ্যে সঞ্চয়বান্ধব মানসিকতা গড়ে তুলতে এবং দীর্ঘমেয়াদে আর্থিক স্থিতিশীলতা নিশ্চিত করতে একসাথে কাজ করব।”

## বাংলাদেশ ব্যাংকের গভর্নর এর সাথে সৌজন্য সাক্ষাৎ



বাংলাদেশ ব্যাংকের মাননীয় গভর্নর আহসান এইচ মনসুর-এর সঙ্গে ৮ মে সৌজন্য সাক্ষাৎ করেন ক্ষুদ্র অর্থায়ন প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিত্বকারী ইনাফি বাংলাদেশের বোর্ড ও অ্যাডভাইজরি কাউন্সিল সদস্যরা। শক্তি ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক হুমায়রা ইসলাম, পিএইচডি, ইনাফি বাংলাদেশের অ্যাডভাইজরি কাউন্সিল সদস্য হিসেবে বৈঠকে অংশগ্রহণ করেন।

## শক্তি সমৃদ্ধি কর্মসূচি -এর আওতায় মেডিকেল ক্যাম্প



“শক্তি সমৃদ্ধি কর্মসূচি”-এর আওতায় কুমিল্লার তিতাস উপজেলার কড়িকান্দি ইউনিয়নের সাধারণ ও সুবিধাবঞ্চিত জনগণের মাঝে উন্নত স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে দু'টি বিশেষ মেডিকেল ক্যাম্প আয়োজন করা হয়। ১৩ ও ৩১ মে যথাক্রমে ইউছফপুর এবং বিরামকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে এই মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়। এই ক্যাম্পে কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালের মেডিসিন বিশেষজ্ঞ এবং বাংলাদেশ মেডিকেল কলেজের মেডিসিন ও চর্ম/যৌন রোগ বিশেষজ্ঞের সমন্বয়ে গঠিত দুইটি মেডিকেল টিম চিকিৎসাসেবা প্রদান করেন। এই ক্যাম্পের মাধ্যমে প্রায় ৫০০ রোগীকে চিকিৎসাসেবা সহ প্রয়োজনীয় পরামর্শ এবং বিনামূল্যে ওষুধ প্রদান করা হয়।

## দারিদ্র্য দূরীকরণ ও নারীর ক্ষমতায়নে মাইক্রোক্রেডিটের ভূমিকা শীর্ষক গবেষণার ইনসেপশন ওয়ার্কশপ





১৩ মে ২০২৫ তারিখ কুমিল্লা বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট (বার্ড) এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ)-এর যৌথ উদ্যোগে "Microcredit for Poverty Alleviation and Women Empowerment: Impacts and Determinants" শীর্ষক গবেষণার ইনসেপশন ওয়ার্কশপ রাজধানীর সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত হয়।অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব নাজমা মোবারেক। বিশেষ অতিথি ছিলেন এমআরএ'র নির্বাহী ভাইস চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ হেলাল উদ্দিন এবং স্থানীয় সরকার বিভাগের সচিব (রুটিন দায়িত্ব) মো. মোখলেসুর রহমান, এনডিসি। সভাপতিত্ব করেন বার্ডের মহাপরিচালক সাইফ উদ্দিন আহমেদ। অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংক, এনজিও বিষয়ক ব্যুরো, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ইনাফি বাংলাদেশ, বিভিন্ন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী ও ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বার্ড ও এমআরএ-এর সংশ্লিষ্ট কর্মকর্তারা অংশগ্রহণ করেন। শক্তি ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক হুমায়রা ইসলাম, পিএইচডি, গবেষণা প্রস্তাবনার ওপর গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন।

## অভিনন্দন




বিয়ানীবাজার, সিলেট (০৫৭৩) শাখার মাইক্রোফাইন্যান্স অফিসার লিপি রানীকে আন্তরিক অভিনন্দন। তিনি প্রাইম ব্যাংক থেকে প্রথম ঋণ গ্রহণ করে মোটরসাইকেল ক্রয়ের মাধ্যমে নিজের পেশাগত জীবনে গতি ও কার্যক্ষমতা বৃদ্ধি করেছেন। এই অর্জন তার পেশাগত অগ্রযাত্রায় আরও সাফল্য বয়ে আনুক।

## তৃতীয় লিঙ্গ জনগোষ্ঠী, যৌনকর্মী ও শিশুদের জন্য মেডিকেল ক্যাম্প আয়োজন






শক্তি ফাউন্ডেশনের উদ্যোগে এবং কথা কলা কেন্দ্রের সহযোগিতায় ২৩ মে ২০২৫ তারিখ ঢাকার মান্ডা কদম আলী ঝিলপাড় এলাকায় তৃতীয় লিঙ্গ জনগোষ্ঠী, যৌনকর্মী ও শিশুদের জন্য দিনব্যাপী বিনামূল্যে মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়।এই ক্যাম্পে প্রায় ২০০ জন সেবাপ্রার্থীকে চিকিৎসাসেবা প্রদান করা হয়। বিনামূল্যে ডায়াবেটিস ও হিমোগ্লোবিন পরীক্ষা ছাড়াও প্রয়োজনীয় ওষুধ সরবরাহ করা হয়।এই উদ্যোগের মাধ্যমে সমাজের অবহেলিত ও পিছিয়ে পড়া জনগোষ্ঠী সরাসরি স্বাস্থ্যসেবার সুযোগ পেয়েছে, যা তাদের জীবনমান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## একনজরে শক্তি (মে ৩১, ২০২৫)

বিভাগ: ৮

জেলা: ৫৭

জোন: ৪

রিজিয়ন: ২৭

এরিয়া: ১১৯

শাখা: ৫৬৩

সদস্য সংখ্যা: ৫০০০৫৩ জন

ঋণী সংখ্যা: ৩৯৩,৫২১ জন

সঞ্চয় স্থিতি: ১২৭৭.৬৬ কোটি টাকা

ঋণস্থিতি: ৩০,২৭.৯৫ কোটি টাকা

কর্মী সংখ্যা: ৫২০০ জন

প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর,পল্লবী,ঢাকা - ১২১৬

+৮৮ ০৯৬১৩-৪৪৪১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

shakti.org.bd
/SFDWbd
/company/sfdwbd

প্রতি মাসে 'শক্তি বার্তা'র অনলাইন কপি পেতে ইমেইল চেক করতে ভুলবেন না।